

তারিখঃ ২২/৫/২০২৪ খ্রি

বিজ্ঞপ্তি

উপজেলা প্রশাসন কালুখালী এর উদ্যোগে কালুখালী উপজেলার শিক্ষিত বেকারদের আত্মকর্মসংস্থানে স্বনির্ভর হওয়ার লক্ষ্যে বিনামূল্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ ।

বেকারত্ব একটি সামাজিক এবং অর্থনৈতিক সমস্যা যা বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে একটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ। যুবসমাজ, বিশেষ করে শিক্ষিত তরুণ-তরুণীরা এই সমস্যার মুখোমুখি হচ্ছে বেশি। বর্তমান বিশ্বে প্রযুক্তি এবং ডিজিটাল প্ল্যাটফর্মের প্রসারের সাথে সাথে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। স্মার্ট বাংলাদেশের স্বপ্ন পূরণে এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) ব্যবহার একান্ত প্রয়োজনীয়। এই প্রেক্ষাপটে, ফ্রিল্যান্সিং একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ফ্রিল্যান্সিং, যা অনলাইন ভিত্তিক স্ব-কর্মসংস্থান, যুবসমাজের মধ্যে বেকারত্ব দূরীকরণে এবং আত্মকর্মসংস্থান সৃষ্টিতে কার্যকর ভূমিকা পালন করে। ফ্রিল্যান্সিং এর মাধ্যমে তরুণরা ঘরে বসেই আয় করতে পারে, যা তাদের আর্থিক স্বনির্ভরতা অর্জনে সহায়ক। পাশাপাশি, দেশের অর্থনৈতিক উন্নয়নে ও ইতিবাচক প্রভাব ফেলে। তাই, ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে যুবসমাজকে দক্ষ করে গড়ে তোলা প্রয়োজন।

সর্বশেষ জরিপ অনুযায়ী কালুখালী উপজেলার মোট বেকারের বেশিরভাগই শিক্ষিত যুবক-যুবতী। লেখা পড়া শেষ করে বেশিরভাগই বেকারত্বকে বরণ করে পরিবারের বোঝা হয়ে ওঠে। এ অবস্থা থেকে উত্তরণে কালুখালী উপজেলা প্রশাসন বেকার যুবক-যুবতীদের জন্য বেকারত্ব দূরীকরণ এবং আত্মকর্মসংস্থানে স্বনির্ভর হওয়ার লক্ষ্যে বিনামূল্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে।

প্রশিক্ষণের সময়কালঃ ৯০ দিন (১৮০ ঘন্টা)

- সপ্তাহে ৬ দিন ৬ টি ক্লাস হবে
- ২ দিন ক্লাস অফলাইনে (শুক্র ও শনিবার)
- ৪ দিন ক্লাস অনলাইনে

প্রশিক্ষণের বিষয়ঃ-

১. ওয়ার্ডপ্রেস থিম কাস্টমাইজেশন ও ফ্রিল্যান্সিং।

প্রশিক্ষণের উদ্দেশ্যঃ-

- ফ্রিল্যান্সিং দক্ষতা উন্নয়ন
- আন্তর্জাতিক ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসে কর্মসংস্থান
- এবং অর্থনৈতিক স্বনির্ভরতা

অংশগ্রহণের যোগ্যতাঃ-

- বয়সঃ ১৮-৩৫ বছর
- কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষ

- নূনতম এসএসসি/সমমান পাশ
- নিজস্ব ল্যাপটপ/ কম্পিউটার থাকা আবশ্যিক
- ইন্টারনেট কানেকশন থাকা আবশ্যিক।

আবেদনের শেষ তারিখঃ ৩১/৫/২০২৪ খ্রি

আবেদন প্রক্রিয়াঃ-

আগ্রহী প্রার্থীকে আগামী ৩১ মে, ২০২৪ খ্রি এর মধ্যে নিম্নলিখিত ওয়েব-সাইটে প্রয়োজনীয় তথ্য দিয়ে অনলাইনে আবেদন করতে হবে আবেদন যাচাই বাছাই এর পরে উপজেলা প্রশাসন প্রশিক্ষার্থী নির্বাচন করবেন।

আবেদন এর ওয়েবসাইটঃ <https://www.apply.kalukhali.com>

প্রশিক্ষণ শেষেঃ-

ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শেষে যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ থেকে শিখে মার্কেটপ্লেস এ কাজের সুযোগ করে নিতে পারবে, পুরোপুরিভাবে সফল হবে, সে সকল প্রশিক্ষণার্থীকে উপজেলা প্রশাসন এর পক্ষ থেকে সার্টিফিকেট প্রদান করা হবে। মার্কেটপ্লেস এ একাউন্ট করা থেকে শুরু করে কিভাবে ক্লায়েন্ট এর থেকে কাজ পাওয়া ও কাজ ডেলিভারি প্রদান করতে হবে এ বিষয়ে সহযোগিতা করা হবে। এছাড়া ও ক্লায়েন্ট এর কাজ করার সময় কোন সমস্যার সম্মুখীন হলে সেটির সমাধানে সহযোগিতা করা হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ-

এই প্রশিক্ষণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কারো কোন ধরনের আর্থিক সংশ্লিষ্টতা নেই। কোন প্রশিক্ষণার্থী এই প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ পরবর্তী যে কোন সময়ে প্রশিক্ষণ সংশ্লিষ্ট যে কারো সাথে বা অন্য কারো সাথে কোন ধরনের আর্থিক লেনদেন করলে তার জন্য উপজেলা প্রশাসন দায়ী থাকবে না।

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আইসিটি হবে হাতিয়ার। আসুন, ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে নিজেকে তৈরি করি এবং কর্মসংস্থানের নতুন পথ তৈরি করি।

পরিকল্পনা ও বাস্তবায়নে

উপজেলা প্রশাসন

কালুখালী, রাজবাড়ী।

যে কোন তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

কানিজ ফাতেমা

তথ্যসেবা কর্মকর্তা

তথ্যকেন্দ্র, কালুখালী, রাজবাড়ী।

ফোনঃ ০১৭৭১-৪৫১৯৬৮

রাশেদুল হক (রুমি)

প্রধান পরিচালন কর্মকর্তা

ডায়না হোস্ট লিঃ

ফোনঃ ০১৭৭২-৪১১১৭১